গাংনী পৌরসভায় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবীলের চাল বিতরণ

করেনা কালিন সময়ে মেহেরপুরের গাংনী পৌরসভার ৪ হাজার ৬র্শ ৫৭ জন দুস্থ-অসহায় মানুষের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ত্রাণ তহবীল হতে প্রাপ্ত জি আর প্রকল্পের চাল বিতরণ করা হয়েছে। আজ রোববার সকালে গাংনী পৌরসভা প্রাঙ্গণে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, গাংনী পৌরসভার মেয়র আশরাফুল ইসলাম। এসময় ট্যাগ অফিসার মাহফুজুর রহমান, কাউন্সিলর সাইদুর রহমান ও মিজানুর রহমানসহ কাউন্সিলর, পৌর কর্মকর্তা- কর্মচারী ও সুবিধাভোগিরা উপস্থিত ছিলেন।

করোনা কালিন পরিস্থিতি মোকাবেলায় প্রতি মাসে জন প্রতি ১৫ কেজি করে চাল প্রদান করা হচ্ছে।

কুষ্টিয়ায় পিসিআর ল্যাবে ২৯ জনের করোনা শনাক্ত

কুষ্টিয়ায় পিসিআর ল্যাবে ২৯ জনের শরীরে কোভিড-১৯ করোনা ভাইরাস পজিটিভ শনাক্ত হয়েছে।

গতকাল শনিবার কুষ্টিয়া মেডিকেল কলেজের পিসিআর ল্যাবে মোট ১১৬ টি স্যাম্পল পরীক্ষা করা হয়। এতে ২৯ জনের শরীরে কোভিড-১৯ করোনা ভাইরাস পজিটিভ শনাক্ত হয়েছে।

কুষ্টিয়ার সিভিল সার্জন ডা. এ এইচ এম আনোয়ারুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, গতকাল শনিবার কুষ্টিয়া মেডিকেল কলেজের পিসিআর ল্যাবে মোট ১১৬ টি স্যাম্পল পরীক্ষা করা হয়।
এর মধ্যে কুষ্টিয়া ১০, চুয়াডাঙ্গা ১০, ঝিনাইদহ ৯, মেহেরপুর ২৭,

নড়াইল ৬০ জন।

এরমধ্যে চুয়াডাঙ্গা জেলায় ৫ জন, ঝিনাইদহ জেলায় ৫ জন, নড়াইল জেলার ১৫ জন ও মেহেরপুর জেলায় ৪ জন করে মোট ২৯ জনের শরীরে কোভিড-১৯ করোনা ভাইরাস পজিটিভ শনাক্ত হয়েছে।

সিভিল সার্জন আরও জানান, গতকাল কুষ্টিয়ায় ১০ জনের পরীক্ষা করা হয়েছে এতে করে ১০ জনই নেগেটিভ। তাই নতুন করে কুষ্টিয়া জেলায় কোন পজিটিভ শনাক্ত হয়নি।

এদিকে কুষ্টিয়ায় এখন পর্যন্ত ১১৪২ জন কোভিড রোগী সনাক্ত হয়েছে। এরমধ্যে পুরুষ রোগী ৮৩৪ জন, নারী ৩০৮ জন। সুস্থ হয়েছেন মোট ৬৩৯ জন। এবং বর্তমানে হোম আইসোলেশনে চিকিৎসাধীন রয়েছে ৪৪০ জন। এবং হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে ৪১ জন।
এ পর্যন্ত ২৩ জন কোভিড-১৯ করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মারা গেছে।

মেহেরপুরে ডা. রুমির স্মরণসভা অনুষ্ঠিত

মেহেরপুর ডাক্তার রমেশ ক্লিনিক ও তার পরিবারের উদ্যোগে ডাক্তার এস এম নুর উদ্দিন আবু আল বাকি রুমির স্মরণে স্মরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে ডাক্তার রমেশ চন্দ্র নাথের সভাপতিতে রমেশ ক্লিনিক প্রাঙ্গণে এ শোক সভার আয়োজন করা হয়।

এই স্মরণসভায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএমএর সাধারণ সম্পাদক ডা. আবু তাহের সিদ্দিকী, ডা. মিজানুর রহমান, ডা.আব্দুস সালাম, ডা. মাহফুজ জামান রতন, রমেশ ক্লিনিকের ব্যবস্থাপক শহিদুল ইসলাম প্রমুখ।

[redacted]

[redacted]

ল্যাবরেটরি মেডিসিন অ্যান্ড রেফারেল সেন্টার, জনস্বাস্থ্য ইনস্টিটিউট,

জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান, নারায়ণগঞ্জ ৩০০ শয্যা হাসপাতাল, খুলনা মেডিক্যাল কলেজ, কুষ্টিয়া মেডিক্যাল কলেজ, ময়মনসিংহ মেডিক্যাল কলেজ, বগুড়ার শহীদ জিয়াউর রহমান মেডিক্যাল কলেজ, রাজশাহী মেডিক্যাল কলেজ, দিনাজপুরের এম আবদুর রহিম মেডিক্যাল কলেজ, রংপুর মেডিক্যাল কলেজ এবং সিলেট এম এ জি ওসমানী মেডিক্যাল কলেজ।

বিমানবন্দর সূত্র জানায়, ইতোমধ্যে মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত নির্দেশনা দেশের তিন আন্তর্জাতিক বিমানবন্দর (ঢাকা, সিলেট, চট্টগ্রাম) এবং দেশি-বিদেশি এয়ারলাইন্সগুলোতে পাঠানো হয়েছে।

সূত্র- বিডি-প্রতিদিন

নিজের করোনা আক্রান্ত হওয়া নিয়েও যেভাবে নাটক সাজিয়েছেন সাহেদ

রিজেন্ট হাসপাতালের স্বত্বাধিকারী ও রিজেন্ট গ্রুপের চেয়ারম্যান মোহাম্মদ সাহেদ আক্রান্ত রোগীর নমুনা সংগ্রহ করে তা দিয়ে নিজের নামে করোনা পজিটিভ সনদ তৈরি করেছিলেন। এ কাজে তাকে তার এক সহকারী সহযোগিতা করেন।

সাহেদ নিজেই ওই সহকারীকে এভাবে তার নামে করোনা সনদ তৈরির নির্দেশ দেন। শুক্রবার ডিবি কর্মকর্তাদের জিজ্ঞাসাবাদে তিনি এসব স্বীকার করেন বলে জানা গেছে। শুক্রবার ছিল তার ১০ দিনের রিমান্ডের প্রথম দিন। এর আগে বৃহস্পতিবার রিমান্ড শুনানির সময় সাহেদ নিজেকে করোনা রোগী বলে দাবি করেন।

ডিবি কর্মকর্তারা জানান, অসুস্থতার ভান করে আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সঙ্গেও প্রতারণা শুরু করেছেন। তদন্ত কর্মকর্তাদের

দূরে রাখতেই তিনি করোনায় আক্রান্ত হওয়ার কথা বলছেন। এমনকি নাকের ভেতর টিস্যু পেপার ঢুকিয়ে বারবার হাঁচি দেওয়ার চেষ্টা চালিয়েছেন।

ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা শাখার (ডিবি) যুগ্ম কমিশনার আবদুল বাতেন গণমাধ্যমকে বলেন, সাহেদ খুব চালাক প্রকৃতির লোক। সে অসুস্থতার ভান করছে বলে আমাদের কাছে মনে হচ্ছে। তারপরও তার ব্যাপারে আমরা সতর্ক আছি। তাকেসহ অন্যদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। সে কৌশলে প্রশ্নের উত্তর দিচ্ছে। তবে সে বেশিরভাগ প্রতারণার কথা স্বীকার করেছে।

সূত্র- বিডি-প্রতিদিন

মেহেরপুরে নতুন করে ৪ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরো ৪ জন করোনা আক্রান্ত হয়েছেন। আক্রান্ত সকলেই গাংনী উপজেলার।

আক্রান্তরা হলেন, গাংনী উপজেলা কোয়াটারের রওশন আরা (৪৫), বাকি তিন জন হলেন, গাংনী উপজেলা বিআরডিবি কর্মকর্তা মতিন (৫১), আরিফুর রহমান (৩৩) ও আদম আলী (৫০)।

এ নিয়ে জেলায় ১২৯ (সদর- ৬৯, গাংনী -৪৭, মুজিবনগর -১৩) জন করোনায় আক্রান্ত হলেন। এর মধ্যে ৭৬ জন সুস্থ হয়েছেন, ৬ জন মারা গেছেন। ১০ জনকে রেফার্ড করা হয়েছে।

বর্তমানে পজেটিভ সংখ্যা ৩৭ জন এর মধ্যে মেহেরপুর সদরে ১৮ জন, গাংনী ১৩ জন, মুজিবনগরে ৬ জন। সকলেই চিকিৎসাধীন রয়েছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, আজ শনিবার কুষ্টিয়া মেডিকেল কলেজ থেকে ২৭ টি রিপোর্ট এসেছে। এর মধ্যে ৪টি পজিটিভ।

তিনি জানান, এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ২১৯৮টি।

[redacted]

[redacted]

[redacted]

[

জানতে চাইলে তিনি বলেন, এ প্রশ্নের উত্তর এড়িয়ে তিনি বলেন এখন পানি প্রবাহিত হচ্ছে।

গাংনী উপজেলা কৃষি অফিসার কে এম সাহাবুদ্দীন আহমেদ জানান, এ ধরনের অভিযোগ কেউ করেনি। অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।

গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা রবিউল ইসলাম জানান, সরেজমিন পরিদর্শন করে প্রশাসনের সহায়তা নিয়ে ব্যবস্থা নেয়া হবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ বলেন, এ বিষয়ে ভুক্তুভুগী কৃষকরা লিখিত অভিযোগ দিলে অবশ্যই ব্যবস্থা নেয়া হবে।

গেইম খেলে ৮৩ বছরের জন্য নেটফ্লিক্স অ্যাকাউন্ট ফ্রি!

একের পর এক সিনেমা আর ওয়েব সিরিজ মুক্তি পাচ্ছে আমাজন প্রাইম, নেটফ্লিক্স, জি ফাইভ, ডিসনি প্লাস হটস্টারের মতো জনপ্রিয় প্ল্যাটফর্মে। ঘরবন্দি মানুষ সেখানেই চোখ রাখছেন বিনোদনের জন্য । ফলে লাফিয়ে বাড়ছে সাবস্ক্রাইবারের সংখ্যা। ফলে প্ল্যাটফরমগুলোও পড়েছে প্রতিযোগিতায়। এই পরিবেশে সাবস্ক্রাইবার বাড়াতে অভিনব অফার ঘোষণা করেছে নেটফ্লিক্স। ৮৩ বছর অর্থাৎ ১ হাজার মাসের জন্য বিনামূল্যে এই প্ল্যাটফর্মের সব প্রোগ্রাম উপভোগ করতে পারবে ব্যবহারকারী। বাস্তব তো?

আসলে গত সপ্তাহে নেটফ্লিক্সে মুক্তি পেয়েছে ‘দ্য ওল্ড গার্ড’ ছবিটি। এটি হচ্ছে নেটফ্লিক্স অরিজিনাল শো। এই সুযোগটিকে কাজে লাগাইতে চাইছে প্রতিষ্ঠানটি অন্যদের টেক্কা দিতে। আর এই কারণেই গ্রাহকদের নেটফ্লিক্স অ্যাকাউন্ট ‘অমর’করে ফেলার অফার দেওয়া হচ্ছে। কিন্তু শর্ত আছে!
এর জন্য আপনাকে ‘দ্য ওল্ড গার্ড’ ভিডিও গেমটি খেলে শত্রুপক্ষকে হারাতে হবে এবং নিজেকে ‘অমর’ হিসেবে প্রতিষ্ঠা করতে হবে। বলার অপেক্ষা রাখে না, ভিডিও গেমপ্রেমীদের কাছে এমন অফার নিঃসন্দেহে লোভনীয়। কারণ গেমিংও যেমন উপভোগ করা যাবে, তেমনই তাতে জয়ী হলে

একেবারে ৮৩ বছর নিখরচায় নেটফ্লিক্সের পর্দায় চোখ রাখা যাবে।

সুযোগটি অবশ্য সীমিত। আর তা শুরুও হয়ে গিয়েছে। ১৯ জুলাইয়ের মধ্যে খেললে তবেই এই আকর্ষণীয় ফ্রি সাবস্ক্রিপশনের মালিক হওয়া যাবে। তবে তার জন্য সর্বোচ্চ স্কোর করতে হবে।

কিন্তু দুঃখের বিষয় হল, অফারটি এখনও বাংলাদেশ বা এই অঞ্চলের গ্রাহকদের জন্য দেয়নি নেটফ্লিক্স। আপনি যুক্তরাষ্ট্রে বসবাসকারী ব্যবহারকারী হলেই হাতে পাচ্ছেন নেটফ্লিক্স অ্যাকাউন্ট ‘অমর’করে ফেলার দুর্দান্ত সুযোগ।

সূত্র : ইন্টারনেট

‘করোনায় জালিয়াতি ও বন্যার দুর্যোগ ঢাকতে ইস্যু তৈরি করছে সরকার’

‘করোনায় ব্যর্থতা, নমুনা পরীক্ষায় জালিয়াতি ও ভয়াবহ বন্যার দুর্যোগ ঢাকতে নানা ইস্যু তৈরি করে জনদৃষ্টিকে ভিন্ন খাতে প্রবাহিত করার চেষ্টা করছে সরকার।’

আজ শনিবার (১৮ জুলাই) দুপুরে রাজধানীর নয়াপল্টনে অবস্থিত দলের কেন্দ্রীয় কার্যালয়ে ভিডিও কনফারেন্সে এসব কথা বলেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী আহমেদ।

রিজভী বলেন, ‘করোনা মহামারির ব্যর্থতা, করোনার নমুনা পরীক্ষায় জালিয়াতি ও ভয়াবহ বন্যার দুর্যোগ ঢাকতে নানা ইস্যু তৈরি করে জনদৃষ্টিকে ভিন্ন খাতে প্রবাহিত করার চেষ্টা করছে সরকার। ২৩ দিন ধরে অতিবাহিত হওয়া বন্যা পরিস্থিতির এখনও কোনো উন্নতি নেই। বরং দিনকে দিন বন্যা প্রলয়ঙ্করী রূপ ধারণ করছে। বন্যা পূর্বাভাসে বলা হয়েছে, এই বন্যা নাকি আরো তিন সপ্তাহ স্থায়ী হবে, যদি তাই হয় তাহলে বাংলাদেশের ব্যাপক এলাকা পানিতে ডুবে অতীতের রেকর্ড ভঙ্গ করবে।’

দেশের বিভিন্ন এলাকার বন্যা পরিস্থিতি তুলে ধরে রিজভী বলেন, ‘কুড়িগ্রাম, গাইবান্ধা, সিরাজগঞ্জ, বগুড়া, মানিকগঞ্জ, টাঙ্গাইলসহ ব্যাপক এলাকায় নদী ভাঙন বিপজ্জনক রূপ ধারণ করেছে। নদী ভাঙনের ফলে বন্যা দুর্গত এলাকায় পাট, ধান, সবজিসহ ফসলি জমি, ঘর-বাড়ি, গবাদি পশু নদীর পেটে চলে গেছে। নাজেহাল অবস্থায় পড়েছে বাঁধ ভাঙা এলাকার লোকজন।

বন্যার পানিতে চাষবাস ও বসবাসের যোগ্য নদীর চরগুলো তলিয়ে গিয়ে ব্যাপক ক্ষতি হওয়ায় লাখ লাখ মানুষ হাহাকার করছে। বগুড়ার সারিয়াকান্দি উপজেলার চারটি চর যমুনার বুকে তলিয়ে গেছে। এভাবে ব্রহ্মপুত্র, যমুনার করালগ্রাসে কুড়িগ্রাম, টাঙ্গাইল, সিরাজগঞ্জ ও গাইবান্ধার বেশ কিছু গ্রাম বিলুপ্ত হয়ে গেছে। বর্তমানে দ্বিতীয় দফা বন্যা চলছে। আরো এক দফা বন্যার পূর্বাভাসে আতঙ্কিত হয়ে পড়েছে হাওরবাসী।’

বিএনপির এই নেতা বলেন, ‘অস্বাভাবিকভাবে তীব্র ও দীর্ঘস্থায়ী এই বন্যার কবলে প্রায় ২০-২৫টি জেলার বিস্তীর্ণ অঞ্চল পানিতে ডুবে গেছে। পদ্মা, মেঘনা, যমুনা, তিস্তা, আত্রাই, ধরলা, ব্রহ্মপুত্র, সুরমা ও কুশিয়ারাসহ দেশের অধিকাংশ নদীর উপচেপড়া বন্যার পানিতে গ্রামের পর গ্রাম তলিয়ে যাচ্ছে। পানিবন্দি হয়ে পড়েছে লাখ লাখ মানুষ। পানিতে তলিয়ে যাচ্ছে ফসলি জমি, মৎস্য খামার ভেসে যাচ্ছে।

ভেঙে পড়েছে যোগাযোগ ব্যবস্থা। উত্তরাঞ্চল ও মধ্যাঞ্চলে নদী ভাঙন ভয়াবহ রূপ নিয়েছে। কিন্তু শুধুমাত্র লিপ সার্ভিস ছাড়া সরকার এখন পর্যন্ত কোনো উদ্যোগই গ্রহণ করেনি। করোনার আঘাতে অসুস্থ মানুষের প্রতি সরকার যেমন কোন দায় বোধ করেনি, ঠিক তেমনি বন্যাকবলিত লাখ লাখ অসহায় মানুষের প্রতিও সরকার ভ্রুক্ষেপহীন।’

রিজভী আরো বলেন, ‘ফসল আবাদ করে যে মানুষগুলো স্বচ্ছলভাবে জীবনযাপন করত তারা এখন বন্যা-আশ্রয় কেন্দ্রে দু’মুঠো খাবারের জন্য হাহাকার করছে। নদী ভাঙন রোধে সরকারের দ্রুত কোনো তৎপরতা নেই। ভাঙনের শিকার অসহায় মানুষগুলোকে সহায়তা করতে সরকারি যন্ত্রের শৈথিল্য পরিস্থিতিকে চরম অবনতির দিকে ঠেলে দিয়েছে। বন্যাকবলিত এলাকায় বিশুদ্ধ খাবার পানি, প্রয়োজনীয় ওষুধ ও খাদ্য সংকট তীব্র আকার ধারণ করেছে। এমনকি গবাদি পশু ও শিশু খাদ্যের সংকটও চরম মাত্রায় বিরাজমান।’

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব বলেন, ‘বন্যা উপদ্রুত মানুষগুলোর

জন্য ত্রাণের ব্যবস্থা না থাকায় তারা জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে রয়েছে। করোনার মহামারি মোকাবিলায় অনাচার, অব্যবস্থাপনার ব্যর্থতার ন্যায় বন্যা মোকাবিলায় সরকার উদাসীন ও নির্লিপ্ত। করোনার আঘাতে অসুস্থ মানুষের প্রতি সরকার যেমন কোন দায় বোধ করেনি, ঠিক তেমনি বন্যাকবলিত লাখ লাখ অসহায় মানুষের প্রতিও সরকার ভ্রুক্ষেপহীন।

কোরবানি ঈদের প্রাক্কালে বন্যার মতো প্রাকৃতিক দুর্যোগেও মানুষের পাশে নেই সরকার। এমনিতে করোনার আঘাতে ক্ষতবিক্ষত মানুষ তার ওপর বন্যার মহাদুর্যোগে মানুষ বিপর্যস্ত। কিন্তু সরকারের পক্ষ থেকে কোনো ব্যবস্থা না নেওয়ায় মানুষের ঈদের আনন্দ মাটি হতে বসেছে।’

এ সময় বিএনপি ও এর অঙ্গ এবং সহযোগী সংগঠনসহ সমাজের বিত্তবানদের বন্যাকবলিত মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান জানান বিএনপির এই নেতা।

সূত্র-কালের কণ্ঠ

দেশে দুই লাখ ছাড়াল করোনা রোগীর সংখ্যা

বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় আরও দুই হাজার ৭০৯ জন করোনাভাইরাসে সংক্রমিত রোগী শনাক্ত হয়েছে। এ নিয়ে দেশে মোট শনাক্তের সংখ্যা দুই লাখ ছাড়াল। এখন মোট শনাক্তের সংখ্যা দাঁড়াল দুই লাখ দুই হাজার ৬৬ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মারা গেছেন ৩৪ জন। এনিয়ে দেশে মোট মারা গেলেন দুই হাজার ৫৮১ জন।

আজ শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের করোনাভাইরাস সংক্রান্ত নিয়মিত হেলথ বুলেটিনে এ তথ্য জানানো হয়। অনলাইনে বুলেটিন উপস্থাপন করেন স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা.

নাসিমা সুলতানা।

অনলাইন বুলেটিনে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ১০ হাজার ৯২৩ জনের নমুনা পরীক্ষা করা হয়। এ পর্যন্ত মোট ১০ লাখ ১৭ হাজার ৬৭৪টি নমুনা পরীক্ষা করা হয়েছে। একই সময়ে সুস্থ হয়েছেন এক হাজার ৩৭৩ জন। এনিয়ে মোট সুস্থ হয়েছেন এক লাখ ১০ হাজার ৯৮ জন।

গতকাল শুক্রবার পর্যন্ত করোনাভাইরাস শনাক্তে নমুনা পরীক্ষা করা হয়েছিল ১৩,৪৬০টি। এরমধ্যে নতুন শনাক্ত হয়েছিলেন ৩,০৩৪ জন। মোট শনাক্ত হয়েছিলেন ১,৯৯,৩৫৭ জন। আর গতকাল আরও ৫১ জন মারা যান। এ নিয়ে মৃতের সংখ্যা দাঁড়িয়েছিল ২,৫৪৭ জন। এছাড়া গতকাল সুস্থ হয়েছিলেন ১,৭৬২ জন। এনিয়ে মোট সুস্থ হয়েছেন ১,০৮,৭২৫ জন।

আপনার সুস্থতা আপনার হাতে উল্লেখ করে করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে সকলকে স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলতে সকলের প্রতি আহবান জানানো হয়।

দেশে নভেল করোনাভাইরাসে (কভিড-১৯) সংক্রমিত প্রথম রোগী শনাক্ত হয় গত ৮ মার্চ। আর ১৮ মার্চ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়।

সূত্র- কালের কণ্ঠ